



মেরিটাইম ভার্সিটির গ্রাউন্ড ব্রেকিং অনুষ্ঠান

প্রকাশিত: ২০ - জুলাই, ২০১৯ ১২:০০ এ. এম.

স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ॥ বর্তমান সরকারের উদ্যোগে দেশে প্রথমবারের মতো সরকারী পরিচালনায় প্রতিষ্ঠা করা হচ্ছে মেরিটাইম ইউনিভার্সিটি। এর নামকরণ করা হয়েছে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ। আগামীকাল রবিবার দুপুর দুইটায় নগরীর রেডিসন রু হোটেলে এই বিশ্ববিদ্যালয়ের গ্রাউন্ড ব্রেকিং অনুষ্ঠানের উদ্বোধন করবেন ডা. দীপু মনি এমপি। এ অনুষ্ঠানে বিশেষ অতিথি থাকবেন শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী এমপি এবং এ বিশ্ববিদ্যালয়ের ভিসি রিয়ার এ্যাডমিরাল এম খালেদ ইকবাল। বাংলাদেশের অর্থনীতিতে ঝুঁইকনোমি নতুন একটি বিপ্লব। আধুনিক ও উন্নত প্রযুক্তির মাধ্যমে দেশের সামুদ্রিক সম্পদের সুস্থ ব্যবহার নিশ্চিত করে ঝুঁইকনোমিকে তরান্তিত করতে শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি এক নব অধ্যায়ের সূচনা করতে যাচ্ছে। কর্ণফুলী নদীর তীরবর্তী এলাকায় হামিদচরে ১০৬ একর জমিতে এ বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাসের যাত্রা শুরু হচ্ছে।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কত্তক গ্লোব জনকষ্ট শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকষ্ট লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকষ্ট ভবন, ২৪/ এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইক্সাটন, জিপিও বাস্ক: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৮৭৭৮০-৯৯ (অটোহান্টিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: www.dailyjanakantha.com এবং www.edailyjanakantha.com ॥ Copyright ® All rights reserved by [dailyjanakantha.com](http://www.dailyjanakantha.com)

Developed By
Bikiran.Com